

# Times Today BD

সিনিয়র রিপোর্টার | ক্যাম্পাস | 18 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) পরিসংখ্যান ও উপাত্ত বিজ্ঞান বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের এমএসসি শিক্ষার্থীদের বিদায় এবং ২০২৩-২৪ শিক্ষাবর্ষের নবাগতদের বরণ উপলক্ষে নবীন বরণ ও প্রবীণ বিদায় অনুষ্ঠান আয়োজিত হয়েছে।

শনিবার (১৮ মে) সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিভাগের সভাপতি ড. তহিদুর রহমান।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপ-উপাচার্য অধ্যাপক ড. এম এয়াকুব আলী, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম, সাবেক উপ-উপাচার্য অধ্যাপক ড. কামাল উদ্দিন এবং বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আসাদুজ্জামান। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিভাগের শিক্ষক বিপুল রায়।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য প্রফেসর ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ বলেন, “শিক্ষার সমাপনী সনদ কোন চাকুরীর নিশ্চয়তা বিধান করে না। এটা একজন শিক্ষার্থীকে তার সুন্দরতম একটি ভবিষ্যৎ গঠনে চাকুরীর সংগ্রামে অবতীর্ণ হতে সুযোগ করে দেয়।”

বিদায়ী শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, “বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের ধারণা থেকে আলাদা। বিশ্ববিদ্যালয়ে জ্ঞানের উচ্চস্তরের চর্চা হয়ে থাকে। এখানে জীবন গঠনের ধারণা পূর্ণতা লাভ করে। তাই সফলতা নির্ভর করে কে কিভাবে শিক্ষাজীবনকে চর্চা করেছে তার উপর। আমি

বিশ্বাস করি শিক্ষার্থীরা তাদের জীবনে সফল হবে।”

নবাগত শিক্ষার্থীদের উদ্দেশ্যে উপাচার্য বলেন, “তোমাদের জীবনের একটি বিশেষ অধ্যায়ের কাউন্ট ডাউন শুরু হয়েছে।এখান থেকে অনেক দূর পর্যন্ত দেখতে শিখতে হবে।”

শিক্ষকদের উদ্দেশ্যে তিনি বলেন, “শিক্ষার্থীরা কি পড়তে ভালবাসে এবং কিভাবে সেটা সেই বিষয়টি বুঝে পড়াতে পারলে সেখান থেকে একটি সঠিক উপলব্ধি তৈরি হবে।এই উপলব্ধিই একজন শিক্ষার্থীকে তার উন্নয়ন তথা সফলতার দিকে নিয়ে যাবে।”

নবীন বরণ বিদায় অনুষ্ঠান

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 18:10

URL: <https://www.timestodaybd.com/public/campus/7758072649>